

জুলাই ২০২১ মাসের ভাঙ্গুড়া উপজেলার আইন-শৃংখলা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : সৈয়দ আশরাফুজ্জামান
 উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গুড়া, পাবনা।
 স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
 তারিখ : ১৫ জুলাই ২০২১
 সময় : বেলা ১০-৩০ ঘটিকা

জুম সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে সংযুক্ত উপজেলা আইন-শৃংখলা কমিটির সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান হয়। কার্যবিবরণীতে কোন সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় উপজেলার বিদ্যমান আইন-শৃংখলা পরিস্থিতি, বর্তমান করোনা প্রাদুর্ভাব সহ নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে পার্শ্ববর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
০১.	উপজেলার সার্বিক আইন-শৃংখলা সম্পর্কে আলোচনাঃ উপজেলার বর্তমান আইন-শৃংখলা পরিস্থিতির বিষয়ে সভায় আলোচনা করা হয়। অফিসার-ইন-চার্জ চলতি মাসের বিভিন্ন অপরাধমূলক কাজের সংক্ষিপ্ত তথ্য সভায় অবহিত করেন। আলোচনাকালে সদস্যবৃন্দ বর্তমান আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক থাকায় সন্তোষ প্রকাশ করেন। অফিসার-ইন-চার্জ আরও জানান উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশ বাহিনী যথেষ্ট তৎপর। সভায় সকল স্তরের নির্বাচিত জনপ্রতিনিধিগণকে তাদের স্ব-স্ব এলাকার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার বিষয়ে অধিকতর সজাগ থাকার অনুরোধ করা হয়। উপজেলার সার্বিক আইন-শৃংখলা রক্ষার্থে প্রতি পৌর/ইউনিয়ন কমিটি ও পৌর/ইউনিয়ন ওয়ার্ড কমিটিকে নিয়মিত সভা করে কার্যবিবরণী নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। ইভটিজিং এর বিষয়েও সভায় আলোচনা করা হয়। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় ইভটিজিং বিষয় তেমন পরিলক্ষিত হচ্ছে না মর্মে সদস্যবৃন্দ মত প্রকাশ করেন।	১) উপজেলার বিদ্যমান আইন-শৃংখলা পরিস্থিতি অব্যাহত রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার-ইন-চার্জ, ভাঙ্গুড়া থানাকে অনুরোধ জানান হয়। ২) উপজেলার সার্বিক আইন-শৃংখলা রক্ষার্থে প্রতিটি পৌর/ইউনিয়ন কমিটি ও পৌর/ইউনিয়নের ওয়ার্ড কমিটিকে নিয়মিত সভা করতঃ কার্যকরী ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়। ৩) ইভটিজিং রোধে পুলিশি টহল অব্যাহত রাখা এবং ইভটিজিং রোধে সকলকে দৃঢ় ও সজাগ থাকার অনুরোধ করা হয়।	১) মেয়র, ভাঙ্গুড়া পৌরসভা, ভাঙ্গুড়া, পাবনা। ২) অফিসার-ইন-চার্জ, ভাঙ্গুড়া থানা, পাবনা ৩) চেয়ারম্যান (সকল), ইউপি, ভাঙ্গুড়া, পাবনা
০২.	মাদক দ্রব্য নিয়ন্ত্রণ সম্পর্কে আলোচনাঃ উপজেলায় মাদকদ্রব্যের অবাধ ব্যবহার নেই মর্মে সদস্যবৃন্দ মত প্রকাশ করেন। মাদকদ্রব্যের ব্যবহার নির্মূল করা সম্ভব নয় তবে বর্তমান অবস্থার আরও উন্নতির লক্ষ্যে কাজ করা যেতে পারে মর্মেও সদস্যবৃন্দ মত প্রকাশ করেন। মাদকের অপব্যবহার যেন বৃদ্ধি না পায় সেলক্ষ্যে পুলিশি তৎপরতা অব্যাহত আছে মর্মে অফিসার-ইন-চার্জ, ভাঙ্গুড়া থানা জানান। মাদকের ব্যবহার পরিলক্ষিত হলে তাৎক্ষণিক ভাবে থানায় জানানোর জন্য তিনি সদস্যবৃন্দকে অনুরোধ করেন।	মাদকদ্রব্য কেনা-বেচা বা সেবন চোখে পড়লে তাৎক্ষণিকভাবে থানায় জানানোর জন্য সদস্যবৃন্দকে অনুরোধ করা হয় এবং মাদকদ্রব্যের অপব্যবহার রোধে পুলিশি তৎপরতা অব্যাহত রাখার বিষয়েও অফিসার ইন-চার্জ, ভাঙ্গুড়া থানা কে অনুরোধ করা হয়।	১) মেয়র, ভাঙ্গুড়া পৌরসভা, পাবনা ২) অফিসার-ইন-চার্জ, ভাঙ্গুড়া থানা, পাবনা ৩) চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, ভাঙ্গুড়া, পাবনা
০৩.	খুন, ধর্ষণ, এসিড নিক্ষেপসহ জঘন্য অপরাধসমূহ নিয়ন্ত্রণ সম্পর্কিত আলোচনাঃ সভায় খুন, ধর্ষণ, এসিড নিক্ষেপ, নারী নির্যাতন ইত্যাদি জঘন্য অপরাধ সম্পর্কে বিশদ আলোচনা করা হয়। খুনসহ অন্যান্য ভয়ঙ্কর প্রকৃতির অপরাধগুলো কঠোর হাতে দমন করার জন্য আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীকে সর্বোচ্চ তৎপর থাকার বিষয়ে আলোচনা করা হয়। এ প্রসঙ্গে অফিসার-ইন-চার্জ, ভাঙ্গুড়া থানা জানান বর্ণিত এ সকল জঘন্য অপরাধ যেন না ঘটে পুলিশ সে বিষয়ে সর্বোচ্চ তৎপর।	সভায় খুন, ধর্ষণ, এসিড নিক্ষেপ, নারী নির্যাতন ইত্যাদি জঘন্য অপরাধগুলো কঠোর হাতে দমনের লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার-ইন-চার্জ, ভাঙ্গুড়া থানা কে অনুরোধ করা হয় এবং এ বিষয়ে সামাজিক সচেতনতা বৃদ্ধির জন্য স্বাস্থ্যবিধি মেনে সভা সমাবেশে আলোচনা করার সিদ্ধান্ত গৃহিত হয়।	১) মেয়র, ভাঙ্গুড়া পৌরসভা, পাবনা ২) অফিসার-ইন-চার্জ, ভাঙ্গুড়া থানা, পাবনা ৩) চেয়ারম্যান(সকল) ইউনিয়ন পরিষদ, ভাঙ্গুড়া, পাবনা


চলমান পৃষ্ঠা -২

<p>০৪.</p>	<p>বাল্যবিবাহ সম্পর্কে আলোচনাঃ অফিসার-ইন-চার্জ, ভাঙ্গুড়া থানা বাল্যবিবাহ রোধে অভিভাবক এবং শিক্ষার্থীদের জনসচেতনতা বৃদ্ধির উপর জোর দেন। করোনাকালীন সময়ে স্কুল কলেজ বন্ধ থাকায় এবং বিভিন্ন সভা সমাবেশ সীমিত হলেও স্বাস্থ্যবিধি মেনে যতটুকু সম্ভব জনসচেতনতা বৃদ্ধির উপর জোর দেয়া হয়।</p>	<p>বাল্যবিবাহ প্রতিরোধে জন্ম-নিবন্ধন সনদপত্র যাচাই করে বিবাহ রেজিস্ট্রেশন করার জন্য কাজীগণকে অনুরোধ করা হয় এবং স্বাস্থ্যবিধি মেনে যতটুকু সম্ভব জনসচেতনতা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভাঙ্গুড়া, ইউপি চেয়ারম্যান (সকল) এবং জনপ্রতিনিধিগণকে অনুরোধ করা হয়।</p>	<p>১) মেয়র, ভাঙ্গুড়া পৌরসভা, পাবনা ২) অফিসার-ইন-চার্জ, ভাঙ্গুড়া থানা, পাবনা ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাবনা ৪) মহিলা বিষয়ক কর্মকর্তা, ভাঙ্গুড়া, পাবনা ৫) চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, ভাঙ্গুড়া ৬) সভাপতি/সম্পাদক উপজেলা কাজী সমিতি, ভাঙ্গুড়া, পাবনা</p>
<p>০৫.</p>	<p>সন্ত্রাস ও জঙ্গিবাদ সম্পর্কে আলোচনাঃ সন্ত্রাস, নাশকতা ও জঙ্গিবাদের কার্যক্রম বর্তমানে সিমিত থাকলেও যে কোন সময় তা সংঘটিত হতে পারে মর্মে সদস্যবৃন্দ উল্লেখ করেন এবং এ বিষয়ে সতর্ক থাকার ও তথ্য সংগ্রহ অব্যাহত রাখার মত ব্যক্ত করেন। সন্ত্রাস, নাশকতা ও জঙ্গিবাদ প্রতিরোধে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্য, স্থানীয় জনপ্রতিনিধি, সুশীল সমাজ, শিক্ষক সমাজ এবং সর্বস্তরের সচেতন জনগণ বিশেষ করে মসজিদের খতিব/ইমামকে জুমার নামাজের খুংবার সময় সন্ত্রাস, নাশকতা ও জঙ্গিবাদ বিরোধী বক্তব্য দিতে এবং সবাইকে এ বিষয়ে সজাগ থাকার জন্য সভাপতি অনুরোধ করেন। সন্ত্রাস, নাশকতা ও জঙ্গিবাদ প্রতিরোধের লক্ষ্যে পৌরসভা ও ইউনিয়ন পরিষদের প্রতিটি ওয়ার্ড কমিটিকে নিয়মিত সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধ সংক্রান্ত সভা করে তার কার্যবিবরণী নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার অনুরোধ করা হয়।</p>	<p>১) ভাঙ্গুড়া উপজেলায় যাতে কোন জঙ্গিগোষ্ঠী তৎপরতা চালাতে না পারে সে বিষয়ে পুলিশ বাহিনীকে তৎপর থাকার অনুরোধ করা হয়। ২) সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতা প্রতিরোধের লক্ষ্যে পৌরসভা ও ইউনিয়ন পরিষদের প্রতিটি ওয়ার্ড কমিটিকে নিয়মিত সভা করার অনুরোধ করা হয়।</p>	<p>১) মেয়র, ভাঙ্গুড়া পৌরসভা, পাবনা ২) অফিসার-ইন-চার্জ, ভাঙ্গুড়া থানা, পাবনা ৩) চেয়ারম্যান(সকল), ইউনিয়ন পরিষদ, ভাঙ্গুড়া, পাবনা</p>
<p>০৬.</p>	<p>মানব পাচার রোধ সংক্রান্ত আলোচনাঃ মানব পাচার ও শিশু পাচার রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>মানব পাচার ও শিশু পাচার রোধে সামাজিক সচেতনতা বৃদ্ধির জন্য সভা সমাবেশ করার অনুরোধ করা হয়।</p>	<p>১) মেয়র, ভাঙ্গুড়া পৌরসভা, পাবনা ২) চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, ভাঙ্গুড়া, পাবনা</p>
<p>০৭.</p>	<p>ভেজাল বিরোধী আলোচনাঃ সভায় খাদ্যে ভেজাল সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। খাদ্যে ভেজাল প্রতিরোধে নিয়মিত মোবাইল কোর্ট করা এবং জনসচেতনতা তৈরীর বিষয়েও সভায় আলোচনা করা হয়।</p>	<p>১) মানব খাদ্যসহ সকল পণ্যে ভেজাল বিরোধী, সঠিক মূল্যে দ্রব্য সামগ্রী ক্রয়-বিক্রয় ও ওজনে কম দেয়ার বিষয়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত এবং এসব বিষয়ে গণসচেতনতা গড়ে তোলার অনুরোধ করা হয়।</p>	<p>১) মেয়র, ভাঙ্গুড়া পৌরসভা ২) সহকারী কমিশনার (ভূমি), ভাঙ্গুড়া, পাবনা ৩) চেয়ারম্যান (সকল), ইউপি ভাঙ্গুড়া, পাবনা ৪) সভাপতি/সম্পাদক বনিক সমিতি, ভাঙ্গুড়া শাখা।</p>
<p>০৮.</p>	<p>নৈতিক শিক্ষা বাস্তবায়ন সম্পর্কে আলোচনাঃ শিক্ষা প্রতিষ্ঠানসমূহ করোনাকালীন বন্ধ থাকায় নৈতিক শিক্ষার বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানের কোন কার্যক্রম নেই। তবে, পারিবারিকভাবে ছেলেমেয়েদের নৈতিক শিক্ষা প্রদান জোরদার করার বিষয়ে সদস্যবৃন্দ মত ব্যক্ত করেন।</p>	<p>১) শিক্ষা প্রতিষ্ঠানসমূহ করোনাকালীন বন্ধ থাকায় পারিবারিকভাবে ছেলেমেয়েদের নৈতিক শিক্ষা প্রদান জোরদার করার বিষয়ে জনসাধারণকে অবহিত করার জন্য সকল কর্মকর্তা, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, জনপ্রতিনিধিগণকে অনুরোধ করা হয়।</p>	<p>১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভাঙ্গুড়া, পাবনা ২) উপজেলা শিক্ষা অফিসার, ভাঙ্গুড়া, পাবনা ৩) চেয়ারম্যান (সকল), ইউপি ভাঙ্গুড়া, পাবনা</p>

পৃষ্ঠা -৩

সমাপনী বক্তব্যে সভাপতি করোনাকালীন আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য জনপ্রতিনিধি এবং আইন প্রয়োগকারী সংস্থাসমূহকে ধন্যবাদ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


(সৈয়দ আশরাফুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ভাঙ্গুড়া, পাবনা।
ফোন: ০৭৩২৮-৫৬০০৬
ই-মেইল-unobhangura@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভাঙ্গুড়া, পাবনা।
www.bhangura.pabna.gov.bd



স্মারক নং-০৫.৪৩.৭৬১৯.০০০.৩৬.০০১.২১- ৩৫৩


তারিখঃ ৩১ আষাঢ় ১৪২৮
১৫ জুলাই ২০২১

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থেঃ

- ০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৭০, পাবনা-৩ ও সভাপতি, ভূমি মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটি।
- ০২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, পাবনা।
- ০৩। পুলিশ সুপার, পাবনা।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গুড়া, পাবনা।
- ০৫। মেয়র, ভাঙ্গুড়া পৌরসভা, ভাঙ্গুড়া, পাবনা।
- ০৬। সহকারী কমিশনার (ভূমি), ভাঙ্গুড়া, পাবনা।
- ০৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গুড়া, পাবনা।
- ০৮। অফিসার-ইন-চার্জ, ভাঙ্গুড়া থানা, ভাঙ্গুড়া, পাবনা।
- ০৯। উপজেলা কর্মকর্তা, ভাঙ্গুড়া, পাবনা।
- ১০। জনাব মোঃ লোকমান হোসেন, সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, ভাঙ্গুড়া উপজেলা শাখা।
- ১১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক কলেজ/বিদ্যালয়, ভাঙ্গুড়া, পাবনা।
- ১২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), ভাঙ্গুড়া, পাবনা।
- ১৩। সভাপতি, প্রেসক্লাব, ভাঙ্গুড়া।
- ১৪। জনাব


উপজেলা নির্বাহী অফিসার
ভাঙ্গুড়া, পাবনা।